

## প্রেস বিজ্ঞপ্তি

### **বিজেআরআই-এ পাট বীজ উৎপাদনের জন্য সমঝোতা স্মারক স্বাক্ষরিত**

বর্তমান কৃষিবান্ধব সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের অভিপ্রায় এবং পাট বীজের চাহিদা মেটানোর লক্ষ্যে অদ্য সকাল দশটায় বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট (বিজেআরআই) এবং কণিকা সীড কোম্পানী প্রাইভেট (লিমিটেড)-এর মধ্যে বিজেআরআই উদ্ভাবিত উফশি জাতের পাট বীজ উৎপাদনের জন্য একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের পক্ষে মহাপরিচালক ড. মোঃ কামাল উদ্দিন এবং কণিকা সীড কোম্পানী (প্রাইভেট) লিমিটেডের পক্ষে ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ নুরআলম (লিটন) সমঝোতা স্মারকে স্বাক্ষর করেন। এই চুক্তির ফলে দেশের অভ্যন্তর পাট বীজের চাহিদা অনেকাংশে মিটানো সম্ভব হবে। বিজেআরআই পাট বীজ উৎপাদন এবং জনপ্রিয় করার জন্য পাট চাষীদের পাট বীজ সরবরাহের লক্ষ্যে চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে “ভিত্তি/প্রত্যায়িত” বীজ উৎপাদনের কর্মসূচি গ্রহণ করেছিল। তারই ধারাবাহিকতায় কণিকা সীড বিজেআরআই-এর উফশি পাট জাতের বীজ উৎপাদন করবে এবং বাজার মূল্যে পাট চাষীদের মধ্যে বীজ বিতরণ করবে। এখানে উল্লেখ্য যে, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট কণিকা সীড কোম্পানীকে প্রজনন বীজ সরবরাহসহ বীজ উৎপাদনের কারিগরী প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। উক্ত অনুষ্ঠানে বিজেআরআই-এর পরিচালকবৃন্দ এবং মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন এছাড়া মিঃ বনী আমিন, ডেপুটি চিপ অব পার্ট, ইউএসএইডস, এগ্রিকালচার ভেলু চেইন- সহ কণিকা সীড কোম্পানী প্রাইভেট লিমিটেডের উর্দ্ধতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।